



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০৬৮.২০-৩০৪/৩১০

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭
০৯ আগস্ট ২০২০

বিষয়: Covid 19 পরিস্থিতিতে বাংলাদেশ বেতারের মাধ্যমে দূরশিক্ষণ পদ্ধতিতে (Distance Mode) প্রাথমিক শিক্ষা পাঠ সম্প্রচার


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, Covid 19 পরিস্থিতিতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পড়ালেখার ধারাবাহিকতা রক্ষায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ইউনেস্কো-র সহযোগিতায় দূরশিক্ষণ (Distance Mode) পদ্ধতিতে বেতারের মাধ্যমে প্রাথমিক শিক্ষার পাঠ “ঘরে বসে শিখি” সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ বেতারের এএম-৬৯৩ মেগাহার্টজ, নিম্নলিখিত এফএম ব্যান্ডে এবং সকল কমিউনিটি রেডিও এর মাধ্যমে সারাদেশে একযোগে আগামী ১২ আগস্ট ২০২০ হতে রবি থেকে বৃহস্পতিবার বিকাল ৪.০৫ থেকে ৪.৫৫টা পর্যন্ত সম্প্রচার হবে।

ঢাকা অঞ্চল	:	এফএম ১০৬	সিলেট অঞ্চল	:	এফএম ৮৮.৮
চট্টগ্রাম অঞ্চল	:	এফএম ৮৮.৮	ঠাকুরগাঁও অঞ্চল	:	এফএম ৯২
রাজশাহী অঞ্চল	:	এফএম ১০৪	কুমিল্লা অঞ্চল	:	এফএম ১০৩.৬
রংপুর অঞ্চল	:	এফএম ৮৮.৮	রাঙ্গামাটি অঞ্চল	:	এফএম ১০৩.২
বরিশাল অঞ্চল	:	এফএম ১০৫.২	বান্দরবান অঞ্চল	:	এফএম ১০৪
খুলানা অঞ্চল	:	এফএম ১০২	কক্সবাজার অঞ্চল	:	এফএম ১০০.৪

২। সাধারণ মোবাইল হ্যান্ডসেটে হেডফোন সংযোজন করে এফএম রেডিও বাটন অন করে এবং এন্ড্রয়েড মোবাইল সেটে গুগল প্লে স্টোর (Play Store) থেকে এফএম রেডিও অ্যাপস ডাউনলোড করে তার মাধ্যমে নির্ধারিত এলাকার এফএম ব্যান্ডে এই অনুষ্ঠান শোনা যাবে। এছাড়াও বাংলাদেশ বেতার এর ওয়েবসাইট(www.betar.gov.bd) অথবা গুগল প্লে স্টোর (Play Store) থেকে “Bangladeshbetar” অ্যাপস ডাউনলোড করে নির্ধারিত এলাকার এফএম ব্যান্ডে এই অনুষ্ঠান শোনা যাবে।

৩। এমতাবস্থায় বিষয়টি বহুল প্রচারের নিমিত্তে এতদসঙ্গে সংযুক্ত নমুনা ব্যানার অনুযায়ী প্রত্যেক উপজেলা কর্তৃক ন্যূনতম ৫টি এবং প্রত্যেক বিদ্যালয় কর্তৃক ন্যূনতম একটি ব্যানার প্রস্তুত করে উপজেলা শহরে এবং বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় (যেখানে জনসমাগম বেশি) প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি: নমুনা ব্যানার (এক পাতা)


সোহেল আহমেদ
অতিরিক্ত মহাপরিচালক
পক্ষে-মহাপরিচালক

উপজেলা শিক্ষা অফিসার (সকল)

উপজেলা:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

- ১। সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা
- ২। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ৩। বিভাগীয় উপপরিচালক(সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ:
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা: -----। (জরুরি আওতাধীন সকল বিদ্যালয়ে ব্যানার নিশ্চিতকরণের অনুরোধসহ)
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ঢাকা
- ৬। অতিরিক্ত মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ঢাকা
- ৭। সংরক্ষণ নথি



বাংলাদেশ বেতারের মাধ্যমে প্রাথমিক শিক্ষার পাঠ



“ঘরে বসে শিখি”

সম্প্রচার করা হচ্ছে

সাধারণ মোবাইল হ্যাডসেটে হেডফোন সংযোজন করে এফএম রেডিও বাটন অন করে এবং এক্সপ্রেস স্টেটে গুগল প্লে স্টোর (Play Store) থেকে এফএম রেডিও অ্যাপস ডাউনলোড করে নির্ধারিত এলাকার এফএম (আঞ্চলিক ব্যান্ড) ব্যান্ডে রবি থেকে বৃহস্পতিবার বিকাল ৪.০৫ থেকে ৪.৫৫টা পর্যন্ত এই অনুষ্ঠান শোনা যাবে।

অফিস/বিদ্যালয়ের নাম:

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১২০৪

১২